গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.০১৫.০৯৪.১৭- ১৩৪৮

তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪৩০ / ২৬ নভেম্বর ২০২৩

প্রেরক : তানজিলা খানম
উপসচিব।

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয় : গোপালগঞ্জ জেলার মুকসুদপুর উপজেলাধীন সরকারিকৃত মুকসুদপুর কলেজ -এর জন্য বিভিন্ন ক্যাটাগরির ০৫ (পাঁচ) টি টি পদ সৃজন।

মহোদয়,

আদিষ্ট হয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩ মে ২০০৩ তারিখের মপবি/ক:বি:শা:/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশের পরিপ্রেক্ষিতে গোপালগঞ্জ জেলার মুকসুদপুর উপজেলাধীন সরকারিকৃত মুকসুদপুর কলেজ -এর জন্য শিক্ষক-কর্মচারীর নিম্নবর্ণিত ০৫ (পাঁচ) টি পদ বর্ণিত শর্তে রাজস্বখাতে অস্থায়ীভাবে ২৭ মার্চ ২০১৬ তারিখ হতে ৩১ মে ২০১৭ তারিখ পর্যন্ত সৃজনে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি :

| ক্রমিক | পদের নাম, বিষয় ও সংখ্যা | অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল'১৫ অনুযায়ী) | শর্ত/ভিত্তি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১) | প্রভাষক (নন-ক্যাডার) :<br>ব্যবস্থাপনা-০১ (এক) টি<br>রাষ্ট্রবিজ্ঞান-০১ (এক) টি<br>দর্শন-০১ (এক) টি<br>ভূগোল-০১ (এক) টি<br>উপমোট পদ-০৪ (চার) টি | ৳ ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | (ক) নন-ক্যাডার (সাধারণ শিক্ষা) নিয়োগবিধির অবর্তমানে বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ এর তফসিলের ১৩ ক্রমিকে উল্লেখিত শর্তের ন্যায় নিয়োগ যোগ্যতা অনুযায়ী পদ পূরণযোগ্য।<br>(খ) কাম্য শিক্ষাগত যোগ্যতার অভাবে 'জাতীয়করণকৃত কলেজ শিক্ষক ও অ-শিক্ষক কর্মচারী আত্তীকরণ বিধিমালা, ২০০০' (রহিতকৃত) এর অধীন আত্তীকরণযোগ্য না হওয়ায় 'সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা, ২০১৮ এর বিধি-১৫(২)(খ)' অনুযায়ী আত্তীকরণযোগ্য। |
| ২) | প্রদর্শক<br>পদার্থবিজ্ঞান-০১ (এক) টি | ৳ ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা-২০২১ এর তফসিল-১ এর ১৯(ক) নং ক্রমিকে উল্লিখিত শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| | **বেতনগ্রেড নির্ধারণকৃত সর্বমোট পদ=০৫ (পাঁচ) টি** | | |

শর্তসমূহ

১) বর্ণিত পদের ব্যয় সংশ্লিষ্ট অর্থ বছরের বাজেট বরাদ্দের কোড নং ১২৫০২০৭০০০০০০-৩১১১-১০১-২০১-৩০২-৩০৬-৩০৯-৩১০-৩১১-৩১৪-৩১৬-৩২৫-৩২৭-৩২৮-৩৩৫-৩৩৮ খাত হতে নির্বাহ করা হবে;

চলমান পাতা-২

২) এ শিক্ষা প্রতিষ্ঠানের কোনো আত্তীকৃত শিক্ষককে অন্য কোনো শিক্ষা প্রতিষ্ঠানে বদলি করা যাবে না;

৩) অফিসের বিদ্যমান টিওএন্ডই'তে নতুন সৃজিত পদগুলি স্থায়ী/অস্থায়ী হিসেবে অন্তর্ভুক্ত করে টিওএন্ডই হালনাগাদ করতে হবে;

৪) প্রাপ্যতার অধিক পদে কর্মরত শিক্ষক/কর্মচারীর ক্ষেত্রে পদত্যাগ/অবসর/বরখাস্ত/মৃত্যুজনিত কারণে পদ শূন্য হলে শূন্য হওয়ার তারিখ থেকে উক্ত পদ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে। প্রশাসনিক মন্ত্রণালয় এ সংক্রান্ত আদেশ জারি করবে এবং পদ বিলুপ্তকরণের আদেশের অনুলিপি জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

৫) শিক্ষক কর্মচারীদের আত্তীকরণের ক্ষেত্রে বিদ্যমান বিধি-বিধান অনুসরণ করতে হবে;

৬) যে সব পদ নিয়োগ বিধিতে নেই সে সকল পদ নিয়োগ বিধিতে অন্তর্ভুক্ত করতে হবে;

৭) শিক্ষক ও অশিক্ষক কর্মচারীগণকে আত্তীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় যাবতীয় তথ্যাদি/ কাগজপত্রের সত্যতা ও গ্রহণযোগ্যতা সম্পর্কে নিশ্চিত হয়ে প্রশাসনিক মন্ত্রণালয় পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে।

২। উল্লিখিত পদের ব্যয় ভার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সংশ্লিষ্ট অর্থ বছরের নির্ধারিত খাত হতে বহন করা হবে।

৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৪ জুন ২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৫৫.১৫.০১৫.১৮.১৩০, অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের ১৮ জুলাই ২০২৩ তারিখের ০৭.১৫৩.০১৫.০২.০০.১৮.২০১৮-৫৭৯, অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ২৪ আগস্ট ২০২৩ তারিখের ০৭.০০.০০০০.১৬২.৩৭.০৮৯.২০২০.২৯৯ এবং মন্ত্রিপরিষদ বিভাগের (প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-১ অধিশাখা) ৩১ অক্টোবর ২০২৩ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০২৩.২৩.২১০ সংখ্যক স্মারকের সম্মতির পরিপ্রেক্ষিতে এ আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত,

TKhanam
২৬/১১/২০২৩

(তানজিলা খানম)
উপসচিব
ফোন : ৫৫১০০৪৩২
ই-মেইল : college.sec5@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.০১৫.০৯৪.১৭- ১০৪৬

তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪৩০ / ২৬ নভেম্বর ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (৩ কপিসহ) অর্থ বিভাগে প্রেরণ করা হলো। অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের ১৮ জুলাই ২০২৩ তারিখের ০৭.১৫৩.০১৫.০২.০০.১৮.২০১৮-৫৭৯ সংখ্যক পত্রের মাধ্যমে পদসমূহ সৃজনের বিষয়ে সম্মতি জ্ঞাপন করেছে। এ সৃজনাদেশ পৃষ্ঠাঙ্কন করে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা-এর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

TKhanam
২৬/১১/২০২৩

(তানজিলা খানম)
উপসচিব

নম্বর- ০৭.১৫৩.০১৫.০২.০০.১৮.২০১৮.১০৭৫ তারিখ: ২৯/১১/২০২৩

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা- এর নিকট প্রেরণ করা হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

২৯/১১/২০২৩

সিনিয়র সহকারী সচিব
ব্যয় ব্যবস্থাপনা অধিশাখা-৩
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
দেবাংশু কুমার সিংহ
সিনিয়র সহকারী সচিব

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.০১৫.০৯৪.১৭- ১৯৪৮

তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪৩০ / ২৬ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব, ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ)।
০৩) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৫) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষামন্ত্রণালয়, ঢাকা।
০৬) উপসচিব (সরকারি কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৭) উপসচিব (সরকারি কলেজ-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৮) উপসচিব (বাজেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৯) সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০) সচিব মহোদয়-এঁর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১১) অধ্যক্ষ, মুকসুদপুর কলেজ, মুকসুদপুর, গোপালগঞ্জ।
১২) অতিরিক্ত সচিব (কলেজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৩) অফিস কপি।

TKhanam
26/11/2023

(তানজিলা খানম)
উপসচিব